# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV YEAR OF OUR LORD JESUS CHRIST, OCTOBER 2022 No. 08


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৭৩:১-১০

১। নিশ্চয়, ঈশ্বর ইস্রায়েলের প্রতি উত্তম, যারা হৃদয়ে শুদ্ধ তাদের প্রতি।

২। কিন্তু আমার পা প্রায় পিছলে গিয়েছিল; আমার পা রাখার জায়গা আমি প্রায় হারিয়েছিলাম।

৩। আমি যখন দুষ্টদের সমৃদ্ধি দেখলাম, তখন দাম্ভিকের প্রতি ঈর্ষা করলাম।

৪। তাদের জীবনে কোনো কষ্ট নেই; তাদের শরীর সুস্থ আর শক্তিশালী।

৫। মানুষের সাধারণ বোঝা থেকে তারা মুক্ত; সকলের সমস্যার মতো তারা জর্জরিত হয় না।

৬। সেই জন্য অহংকার তাদের গলার হার। তারা হিংসায় নিজেদের আবৃত করে।

৭। তাদের অনুভূতিহীন হৃদয় থেকে অন্যায় আসে; তাদের দুষ্ট কল্পনার কোনো সীমা নেই।

৮। তারা উপহাস করে, আক্রোশে কথা বলে; দাম্ভিকতায় তারা অত্যাচারের হুমকি দেয়।

৯। তাদের মুখ স্বর্গের বিরুদ্ধে গর্ব করে, আর তাদের জিভ জগতের অধিকার নেয়।

১০। সেইজন্য তাদের লোকসকল তাদের দিকে ফেরে আর প্রচুর জলপান করে।

# উচ্চাকাঙখাযুক্ত ব্যক্তি হিসাবে নিজেকে পরিবর্তিত করুন

CHANGE AS GOAL ORIENTED PERSON!

## The ambition of the goal oriented person is greater than his life!

( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কর্তৃক প্রদত্ত বাণী)

এইপৃথিবীতে অসংখ্য মানুষ বিশেষ উচ্চাকাঙ্খা নিয়ে জীবনযাপন করে। আমাদের খ্রীষ্টানদের কেবল জাগতিক উচ্চাকাঙখা থাকা উচিৎ নয়, কিন্তু আমাদের আত্মিক জীবনেও উচ্চাকাঙ্খা থাকা উচিৎ। একজন ব্যক্তির একটি বিশেষ জীবনযাপন করার জন্য অবশ্যই একটি শক্তিশালী আত্মিক ভিত্তি থাকা উচিৎ। একজন ব্যক্তির যদি আত্মিক উচ্চাকাঙখা না থাকে, তাহলে সেই ব্যক্তি বিজয়ী জীবনযাপন করতে পারে না।

একজন ব্যক্তি যদি তার জীবনে বিশেষ কিছু লাভ করতে চান, তবে তাকে অবশ্যই স্বাধীনভাবে চিন্তা করতে হবে। যাদের উত্তম উচ্চাকাঙ্খা আছে, এবং যারা জীবনে বিভিন্ন লক্ষ্যগুলি স্থির করেছেন, তারা সময়ের সঙ্গে নিজেদের পরিবর্তিত করেন না। এই ধরণের লোকেরা ইতিমধ্যেই যে আত্মিক দর্শন লাভ করেছেন সেই বিষয়ে তারা দৃঢ়রূপে স্থির থাকতে পারেন। আমরা যা বিশ্বাস করি সেই বিষয়ে আমরা যদি স্পষ্ট না হই, তাহলে আমরা সফল জীবনযাপন করতে পারবো না!

যারা ঘন ঘন তাদের দৃঢ় প্রত্যয়ের বা বিশ্বাসের বিষয়গুলি পরিবর্তন করে, তাদের সঙ্গে সাপের তুলনা করা যেতে পারে, যে সাপেরা চারিদিকে আঁকাবাঁকা পথে ঘুরে বেড়ায়। কেবল যারা তাদের দৃঢ় বিশ্বাসে স্থির থাকে তারাই মহান নেতায় পরিণত হতে পারে, তারা অন্যদের কাছে আশীর্ব্বাদের প্রণালীতে পরিণত হয়। "**সে দ্বিমনা মানুষ, তার সমস্ত কর্মে অস্থিরমতি**" (যাকোব ১:৮)।

### ১। সদাপ্রভুর আরাধনায় এবং সেবায় যারা উচ্চাকাঙ্খী

আমরা যিহোশূয় ২৪: ১৫ পদে পাঠ করি: "**কিন্তু যদি সদাপ্রভুর সেবা করতে তোমরা অনিচ্ছুক হও, তবে আজই তোমরা বেছে নাও কার সেবা করবে, ... কিন্তু আমি ও আমার পরিজন আমরা সকলে সদাপ্রভুর সেবা করব।**" এটা সত্য যে আমরা সকলেই প্রভু যীশু খ্রীষ্টের সেবা করছি। কিন্তু আমরা কি কেবল প্রভু যীশু খ্রীষ্টেরই সেবা করি?

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...



Pr. Sam Selva Raj with daughter Angeline and son Alex

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


> "...আমি তোমাকে কখনও ছেড়ে দেব না, কখনও পরিত্যাগ করবো না।" যিহোশূয় ১: ৫

প্রিয় প্রেমাস্পদ ভাই ও বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মধুর নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

তাঁর বাক্য সারা পৃথিবীতে প্রচার করার জন্য আমাদের উপর প্রদত্ত তাঁর সমস্ত আশীর্ব্বাদের জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি। আমাদের প্রতি আপনার সমস্ত ভালোবাসা, তত্ত্বাবধান এবং সাহায্যের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই।

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহে আমরা আমাদের অধিকাংশ কার্যকলাপ আবার শুরু করেছি। কম বয়েসী শিশুদের প্রস্তুত করার উদ্দেশ্যে আমাদের সঙ্গে কাজ করার জন্য ঈশ্বর আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলকে বিচক্ষণ শিক্ষাবিদ্দের দ্বারা আশীর্ব্বাদযুক্ত করেছেন। একইভাবে, আমাদের নহিমিয় বাইবেল কলেজও ১৫ জন ঈশ্‌তত্ত্ববিদ এবং প্রশিক্ষণ গ্রহণকারী পুরুষ এবং মহিলাসহ নিয়মিত এবং আবাসিকদের জন্য বাইবেল কলেজগুলির মাধ্যমে এবং একই সঙ্গে ডাক মারফৎ পাঠক্রমের মাধ্যমে পরবর্তী প্রজন্মের কাছে গৌরবময় সুসমাচার বহন করার জন্য সামনে এগিয়ে চলেছে।



Nehemiah Bible College




St. Paul's Matriculation School

আমরা ৪০ জন বাইবেলের পণ্ডিতদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই, যারা সহযোগী সম্পাদক হিসাবে, সহকারী সহযোগী সম্পাদক হিসাবে, এবং ১৬টি ভাষায় প্রকাশিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহকারী হিসাবে আমাদের সঙ্গে কাজ করছেন। আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আমাদের প্রশাসনিক কার্যালয় এবং আমাদের গসপেল প্রিণ্টিং প্রেসকে কঠোর পরিশ্রমকারী ঈশ্বরের দাসদের দ্বারা সুসজ্জিভূত করেছেন।



প্রভুর কাজকে আরও দ্রুতগতিসম্পন্ন করার জন্য আমাদের আরও অধিক প্রভুর দাসদের প্রয়োজন।



Sunday Church Services

আমাদের প্রধান মণ্ডলীতে মোট

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

৬টি রবিবাসরীয় উপাসনা সভা অনুষ্ঠিত হয়, তামিল, ইংরাজী, তেলেগু, এবং হিন্দী ভাষায়,সকাল ৫.৩০ থেকে রাত ৮.০০ পর্যন্ত এই সভাগুলি অনুষ্ঠিত হয়। মালয়ালাম চার্চের পরিচর্যাগুলির দায়িত্ব গ্রহণ করার জন্য আমাদের সমর্পিত কর্মীদের প্রয়োজন। আমাদের শাখা মণ্ডলীগুলিও কার্যকরভাবে তাদের পালক এবং সহযোগীদের দ্বারা তাদের ভাষা এবং অবস্থান অনুসারে বিভিন্ন কার্যকলাপগুলি চালিয়ে যাচ্ছে।



*Rev. Sam Selva Raj & Rev. Nayan Ranjan Beero*

আমাদের প্রধান মণ্ডলীর কর্মীরা প্রতি রবিবার বিকালে মিনি বাসে করে আমাদের স্থানীয় মণ্ডলীগুলি পরিদর্শন করে এবং সেখানে শিশুদের পরিচর্যা কাজ করে এবং উত্তম নাগরিক গড়ে তোলে।

২০২২ সালের ৩১ শে আগস্ট, সকালে এবং সন্ধ্যায় সারাদিন তিনটি ভিন্ন অধিবেশনে আমরা আমাদের মণ্ডলীর তরুণ তরুণীদের জন্য, বাইবেল শিক্ষার্থীদের জন্য, এবং মণ্ডলীর নেতৃবর্গের জন্য উদ্দিপনা সভার আয়োজন করেছিলাম। ব্যাঙ্গালোরের রেভাঃ ডঃ. সান্নিপ্রসাদ রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন। গুজরাট থেকে রেভাঃ নয়ন রঞ্জন বীরো এসেছিলেন, আমাদের সঙ্গে থেকে ছিলেন এবং ১৫ থেকে ২০ আগস্ট পর্যন্ত আমাদের বাইবেল কলেজের শিক্ষার্থীদের ক্লাস নিয়েছিলেন। ভারতে এবং প্রতিবেশী দেশগুলিতে সুসমাচারের অগ্রগতির জন্য কঠোর পরিশ্রমকারী এই সকল পুরুষ এবং নারীদের জন্য আমাদের আপনাদের প্রার্থনার একান্ত প্রয়োজন। আমাদের এই সমস্ত বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে অসংখ্য আত্মাগুলির কালভেরীর প্রেমে নিমজ্জিত হওয়ার বিষয় আপনাদের সঙ্গে সহভাগিতা করতে পারায় আমরা নিজেদের সৌভাগ্যবান বলে মনে করি। আমাদের আপনাদের প্রার্থনার একান্ত প্রয়োজন।

আপনাদের জন্য আমাদের অবিরত প্রার্থনার বিষয় নিশ্চিন্ত থাকুন। ঈশ্বর আপনাদের আশীর্বর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858

E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

আমরা যখন যিহোশূয়ের জীবনী পাঠ করি, আমরা বুঝতে পারি যে ২৪ অধ্যায়ে তাঁকে অনেক বড় চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়েছিল। ঈশ্বর যিহোশূয়ের সঙ্গে কথা বলেছিলেন। আমি ইস্রায়েলের লোকদের মিসর থেকে বের করে এনেছিলাম। আমি শুরু থেকেই তাদের আশীর্ব্বাদ করেছিলাম এবং আমি তাদের আমার নাম দিয়েছিলাম। তারা যখন আমার কাছে সাহায্যের জন্য ক্রন্দন করেছিল, আমি তাদের সঙ্গে ছিলাম এবং তাদেরকে টিকে থাকার সামর্থ দিয়েছিলাম। আমি তাদের সমস্ত রকমের অন্ধকার থেকে উদ্ধার করেছিলাম, এবং শুষ্ক ভূমি দিয়ে হেঁটে যাওয়ার দ্বারা আমি তাদের লোহিত সাগর পার হতে দিয়েছিলাম। মিস্রীয় বাহিনী যখন তাদের পশ্চাতে তাড়া করেছিল, আমি তাদের রক্ষা পাওয়ার পথ করে দিয়েছিলাম।" ইস্রায়েলীয়দের জন্য সদাপ্রভু যে সমস্ত উত্তম কাজগুলি করেছিলেন সেই সকল বিষয় বর্ণনা করার পর, যিহোশূয় এখন জিজ্ঞাসা করছেন, **"তোমরা কার সেবা করবে?"**

আমাদের সকলের সদাপ্রভুর সেবা করার উচ্চাকাঙ্খা থাকা উচিৎ। সদাপ্রভুর সেবা করার দৃঢ় প্রত্যয়ের বিষয়ে আমাদের অবশ্যই একটি শক্তিশালী দর্শন এবং প্রত্যাদেশ থাকতে হবে। আজকের দিনে এটা অত্যন্ত দুঃখজনক বিষয় যে যারা পরিত্রাণ লাভ করেছেন অথবা বাপ্তাইজিত হয়েছেন তারা পরিস্থিতি অনুযায়ী পরিবর্তিত হয়ে যান। যেহেতু প্রভুর সেবা করার বিষয়ে তাদের দর্শন শক্তিশালী নয়, সেহেতু পরিস্থিতিগুলি পরিবর্তিত হলেই তারা তাদের দর্শন হারিয়ে ফেলেন। " যেখানে কোনও প্রত্যাদেশ নেই, সেখানে জনগণ নিয়ন্ত্রণহীন হয়ে যায়" (হিতোপদেশ ২৯:১৮)। যিহোশূয় বলেছিলেন, **"কিন্তু আমি ও আমার পরিজন, আমরা সকলে সদাপ্রভুর সেবা করব"** (যিহোশূয় ২৪: ১৫)। লোকেরা উত্তর দিয়ে বলেছিল, "আমরা সদাপ্রভুকে পরিত্যাগ করে অন্যান্য দেবদেবীর সেবা করব, তা যেন কখনও না হয়!" আমরা যাকে সব থেকে অধিক ভালোবাসি তার আরাধনা করি। সদাপ্রভু ঈশ্বরও আশা করেন তাঁর সন্তানেরা যেন তাঁর আরাধনা করে, এবং কেবল তাঁরই আরাধনা করে। এই বিষয়ে তিনি অত্যন্ত আগ্রহী। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে যারা তাদের বিশ্বাস এবং ধর্মীয় মতবাদ পরিবর্তন করে তাদের প্রতি ঈশ্বর খুশী হন না। তিনি কেবল তাদেরই আশীর্ব্বাদ করেন, যাদের আত্মিক দর্শন আছে এবং যারা সেই দর্শন অনুসারে জীবনযাপন করে। অনেকে এমন পরিস্থিতির মধ্যে থাকে যার মধ্যে থেকে তারা সদাপ্রভু ঈশ্বরের আরাধনা করতে পারে না এবং তাঁকে অনুসরণ করতে পারে না। অনেক লোক যীশু খ্রীষ্টকে অনুসরণ করতে চাইলেও, তাদের সমাজ তাদেরকে এটা করতে দেয় না। কিন্তু আমি আপনাকে মনে করিয়ে দিতে চাই, **"ঈশ্বর কখনও তাঁর সন্তানদের পরিত্যাগ করে না।"** তিনি নিশ্চিতভাবে তাঁর পরিবারের লোকদের রক্ষা করেন: **"আপনি প্রভু যীশুতে বিশ্বাস করুন, তাহলে আপনি ও আপনার পরিজন পরিত্রাণ পাবেন"** ( প্রেরিত ১৬:৩১)। ঈশ্বরের বাক্যে প্রতিজ্ঞা করা হয়েছে যে পরিবারের সকলে পরিত্রাণ পাবে, যদি সেই পরিবারের একজন প্রভু যীশু খ্রীষ্টকে গ্রহণ করে।

যারা প্রকৃতরূপে প্রভু যীশুকে অনুসরণ করেছে তারা বিপথগামী হননি। এমনকী আজকের দিনেও আমরা দেখতে পাই যারা প্রভু যীশু খ্রীষ্টের সেবা করেছেন তারা পৃথিবীর মহান নেতা হয়েছেন। স্বয়ং ঈশ্বর সমগ্র জগতে শাসন করেন। পৃথিবীর সমস্ত মহাদেশের লোকেরা তাঁর পরাক্রমী নামের অবগতির মধ্যে আসছেন। আসুন আমরা সকলে যিহোশূয়ের মতো প্রভুর সেবা করি এবং আমাদের পরিবারের সকলের চিরকাল প্রভুর সেবা করার উচ্চাকাঙ্খা থাকুক!

আপনি যদি গোপন খ্রীষ্ট বিশ্বাসী হন এবং যীশু খ্রীষ্টকে প্রকাশ্যে ঘোষণা না করে থাকেন, তাহলে একটা সময় আসবে যখন আপনি আপনার জীবনধারা পরিবর্তিত করবেন। যীশু বলেছেন, **"যে কেউ মানুষদের সাক্ষাতে আমাকে স্বীকার করে, আমিও স্বর্গে পিতার কাছে তাকে স্বীকার করব"** (মথি ১০:৩২)।

বাইবেল আপনাকে সর্বদা ভীতিপূর্ণ জীবনযাপন করতে দেয় না। আমাদের প্রার্থনাগুলিকে যদি স্বর্গে পৌঁছাতে হয় তাহলে প্রভু যীশু খ্রীষ্ট আমাদের জীবনে যা করেছেন তা আমাদের প্রকাশ্যে জনসমক্ষে স্বীকার করতে হবে। সুতরাং, নির্ভীক ভাবে যীশুর জন্য জীবনযাপন করুন। যিহোশূয় বাইবেলের একটি ঐতিহাসিক

চরিত্র যার জীবনে ঈশ্বর মহান মহান অলৌকিক কাজ এবং মধ্যস্থতা করেছিলেন। যখন তার সমাজ ঈশ্বরকে সন্তুষ্টকারী জীবন যাপন করতে ব্যর্থ হয়েছিল, তিনি তাঁর আত্মিক বিশ্বাসে অবিচল ছিলেন এবং তাঁর লোকদের সামনে এবং সদাপ্রভু ঈশ্বরের সামনে বিজয়ী জীবনযাপন করেছিলেন। একই ভাবে, আপনি আনুকুল্যহীন পরিস্থিতির মধ্যে জীবনযাপন করলেও, আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টের আরাধনার বিষয়ে উচ্চাকাঙ্খাযুক্ত একজন ব্যক্তিতে পরিণত হন, তাহলে আপনি সাফল্যের সঙ্গে ঐ পরিস্থিতিগুলি থেকে বের হয়ে আসতে পারবেন।

## ২। যারা ঈশ্বরকে এবং তাঁর মণ্ডলীকে প্রাধান্য দেন তারা উচ্চাকাঙ্খী লোক

বাইবেলে বলা হয়েছে, **“কিন্তু তোমরা প্রথমে তাঁর রাজ্য ও ধার্মিকতার অন্বেষণ করো, তাহলে এই সমস্ত বিষয়ও তোমাদের দেওয়া হবে”** (মথি ৬:৩৩)। যীশু খ্রীষ্ট চান আমরা যেন প্রথমে ঈশ্বরের রাজ্যের বিষয় অন্বেষণ করি। কিন্তু জাগতিক লোকেরা প্রথমে টাকা চায় এবং তারা মনে করে টাকার দ্বারা তারা সমস্ত সুখ লাভ করতে পারবে! কিন্তু বাইবেল সম্পূর্ণ বিপরীত বিষয় ঘোষণা করে। আপনি যখন ঈশ্বরের রাজ্যে প্রবেশের উপায়গুলির অন্বেষণ করেন, তাহলে এই পৃথিবীতে আপনার যে যে আশীর্ব্বাদগুলির প্রয়োজন তা আপনাকে অনুসরণ করবে। আপনি যখন জাগতিক আশীর্ব্বাদগুলির বিষয়ে উদ্বিগ্ন হন তখন যীশু সেই বিষয়টিকে এই ভাবে প্রকাশ করেছেন: **“ওহে অল্প বিশ্বাসীরা”** (মথি ৬:৩০)। সাধারণতঃ যে বিষয়ে আমাদের দুশ্চিন্তা করা প্রয়োজন সেই বিষয়ে আমরা দুশ্চিন্তা করি না। পরিবর্তে আমরা কম গুরুত্বপূর্ণ বিষয়ে দুশ্চিন্তা করি। যীশু আমাদের বলেছেন যে আমরা যেন খাদ্য, বস্ত্র এবং জাগতিক বিষয়গুলি নিয়ে চিন্তা না করি। ঈশ্বর যখন মাঠের তৃণগুলিকে এতো সুন্দরভাবে প্রস্ফুটিত করেন, অরণ্যের পাখীদের এবং বুনো প্রাণীদের প্রয়োজনের জোগান দেন, তিনি কি আপনার এবং আমার জন্য প্রয়োজনের জোগান দিতে পারেন না? আমরা যেমন যিহোশূয়ের বিষয়ে পাঠ করেছি, সেইভাবে আমরাও এই প্রশ্নের সম্মুখীন হই, **“আপনি কী বিষয়ের জন্য উদ্বিগ্ন হবেন?”**

এর উত্তরটি হচ্ছে, “আমাদের ঈশ্বরের রাজ্যের এবং তাঁর ধার্মিকতা অন্বেষণের বিষয়ে উদ্বিগ্ন হওয়া প্রয়োজন”। কিন্তু আজকের খ্রীষ্টানরা প্রাথমিকভাবে জাগতিক আশীর্ব্বাদগুলির অন্বেষণের করে এবং জাগতিক বিষয়গুলিকে প্রাধান্য দিতে পছন্দ করে। ঈশ্বরের রাজ্য এবং তাঁর ধার্মিকতা তাদের কাছে গৌণ বিষয়। কিন্তু তাদের মনে রাখা উচিৎ যে তাদের ব্যর্থতা ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে!

হে ভ্রাতা এবং ভগ্নিগণ, আপনি কি হতাশাগ্রস্ত এবং পরাজয় অনুভব করছেন? আপনি যদি আপনার সমস্ত পরিবারের সদস্যদের একত্রিত করেন এবং যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করেন, তাহলে তিনি আপনার সমস্ত দুশ্চিন্তা এবং ভারগুলি তুলে নেবেন; আপনার সমস্ত ঋণ পরিশোধ হয়ে যাবে, আপনার পরিবার এবং আপনার সন্তানেরা আশীর্ব্বাদযুক্ত হবে। আপনার সন্তানদের ভবিষ্যৎ উত্তম হবে। আপনি যদি আপনার যৌবন কালেই যীশুতে একটি উত্তম জীবন যাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং বৃদ্ধ বয়েসে আপনি যখন পেছন ফিরে তাকাবেন আপনি দেখতে পাবেন যে প্রকৃতভাবেই আপনি একটি বিজয়ী জীবন যাপন করেছেন। যারা প্রভুকে ভয় করে তাদের কাছে প্রতিজ্ঞা করা হয়েছে, “তুমি তোমার পরিশ্রমের ফল ভোগ করবে” (গীত ১২৮:২)। অন্য লোকদের কাছ থেকে সাহায্যের আশা করার পরিবর্তে, মনে রাখবেন ঈশ্বর হচ্ছেন আপনার সাহায্য লাভের একমাত্র উৎস। এই ধরণের আশীর্ব্বাদগুলি লাভ করার জন্য, ঈশ্বরের রাজ্যের অন্বেষণ করার বিষয়ে সচেষ্ট হন।

ঈশ্বরের প্রতি আপনার সেবা যেন অন্য কারও উপর নির্ভরশীলতা মুক্ত হয় এবং বাহ্যিক প্রভাবগুলির উপর নির্ভরশীল না হয়। আপনি যখন জাগতিক কোনও পুরস্কারের প্রত্যাশা ছাড়া কাজ করবেন, তখন ঈশ্বর স্বর্গ থেকে আপনাকে আশীর্ব্বাদ করে সন্তুষ্ট হবেন। আপনার পরিচর্যা ছোট হোক অথবা বড় হোক, আনন্দের সঙ্গে এটি গ্রহণ করুন এবং মন প্রাণ দিয়ে এটি করুন। এটি আপনার জন্য সিদ্ধ আশীর্ব্বাদ আনবে। ঈশ্বর সঠিক সময়ে আপনাকে তাঁর সাহায্য পাঠাবেন। তিনি আপনাকে অসুস্থতা এবং দুঃখে পরিপূর্ণ এই পৃথিবীতে সান্ত্বনা দেবেন। তিনি আপনার জীবনের

(ক্রমশঃ, ৬ পাতায়)

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यमः हिन्दी

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षो से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1989

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে অকটোবর থেকে ১৮ই নভেম্বর, ২০২২)**

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

**অকটোবর ১৯ :** ঈশ্বর আমাদের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সহ প্রবেশ করতে অনুগ্রহপূর্ণভাবে সাহায্য করছেন।

**দিন ২০:** তিনি আরও অধিক বিশ্বাসীসহ আমাদের প্রধান এবং শাখা মণ্ডলীগুলিকে আশীর্বাদ করছেন।

**দিন ২১:** তিনি আমাদের প্রধান মণ্ডলীর পুরুষদের সভাকে আশীর্বাদ করেছেন।

**দিন ২২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস থেকে ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা ছাপাতে এবং বিভিন্ন স্থানে পাঠাতে আমাদের সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৩: আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাক মারফৎ ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।**

**দিন ২৪:** আমাদের প্রধান মণ্ডলীতে মহিলা সমিতির সভার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** নিয়মিত ঈশ্‌তাত্ত্বিক সেমিনারগুলির আয়োজন করতে সক্ষম করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গীকারবদ্ধতাকে আশীর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** আমাদের কর্মীদের পরিবারগুলির উপর তাঁর আশীর্বাদ বর্ষণের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার , মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ২৯:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা কাজগুলি ৫৪তম বর্ষে প্রবেশ করার বিষয়ে তাঁর অনুগ্রহপূর্ণ আশীর্বাদের জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ৩০:** আমাদের ৫৪তম বর্ষে প্রবেশের বিষয়টিকে স্মরণীয় করে রাখার জন্য আমাদের অধিবেশন কর্মসূচীর আয়োজন করতে সাহায্য করার জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ৩১:** অন্যদের পরিচর্যাগুলিকে সাহায্য করতে সক্ষম করার জন্যেও আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**নভেম্বর ০১:** গত মাসে আমাদের সমস্ত আর্থিক এবং আত্মিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ০২:** গতমাসে আমাদের আহ্বানের প্রতিধ্বনির সমস্ত কার্যকলাজগুলির জন্য।

**দন ০৩:** আমাদের পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের উপর পর্যাপ্ত আশীর্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের পরিবারের সমস্ত সদস্যদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** আমাদের অংশীদারগণ এবং তাদের পরিবারের সদস্যদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের আমাদের সিস্টার জেসি বীণা স্যাম সেলভা রাজের শারীরিক আরোগ্যের জন্য প্রার্থনা করুন। তিনি আবার অসুস্থ হয়েছেন।

**দিন ৭:** আমাদের সিনিয়ার পাস্টরের আত্মজীবনী রচনার সাফল্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং মিশনারীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** পৃথিবীর সমস্ত দেশ থেকে করোনা ভাইরাসের উচ্ছেদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** সারা পৃথিবীতে শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** মহিলা এবং শিশুদের বিরুদ্ধে হিংস্রতা থেকে ঈশ্বরের সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** এ মাসে আমাদের আহ্বানের প্রতিধ্বনির পরিচর্যাগুলির সমস্ত প্রয়োজনগুলি পূরণের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং মণ্ডলীগুলির উপর আশীর্বাদ এবং সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪:** আমাদের দেশের সার্বিক ঐক্য এবং উন্নতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** সমস্ত বিশ্বাসীদের হৃদয়কে আলোকিত করার জন্য প্রার্থনা করুন!

**দিন১৬:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের জন্য এবং তাদের অধ্যয়নের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** এ বছর আমাদের সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে যেন আরও অধিক শিক্ষার্থীরা ভর্তি হয় তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

শেষ পর্যন্ত আপনার সমস্ত প্রয়োজনগুলি পূরণ করতে সক্ষম। ঈশ্বরের কাছ থেকে আমরা যে আশীর্বাদগুলি লাভ করি তা সম্পূর্ণ, নিখুঁত এবং শ্রেষ্ঠ। উর্দ্ধ থেকে ঈশ্বরের সমস্ত আশীর্বাদগুলি লাভ করার জন্য আমাদের অবশ্যই ঈশ্বরের রাজ্য এবং তাঁর ধার্মিকতার উদ্দেশ্যে আমাদের উচ্চাকাঙ্খা পরিবর্তিত করতে হবে।!

## মণ্ডলীতে একত্রিত হন

আজকাল অসংখ্য লোকেরা রবিবার ঈশ্বরের আরাধনা করার জন্য মণ্ডলীতে যোগাদান করার বিষয়টিকে উপেক্ষা করছেন। এর দ্বারা তারা প্রমাণ করছেন যে তাদের নিজেদের মণ্ডলীগুলির সঙ্গে তাদের উপযুক্ত বন্ধন নেই যা ঈশ্বর তাদের দিয়েছেন। তারা তথাকথিত অভিনব ঈশ্বরের দাসদের দ্বারা, দূরদর্শন, ইউটিউবের মতো সামাজিক প্রচার মাধ্যমগুলির দ্বারা ভ্রান্তভাবে আকর্ষিত হচ্ছেন, এবং ঈশ্বর কর্তৃক প্রদত্ত পালকদের এবং মণ্ডলীগুলিকে পরিত্যাগ করছেন। এগুলি ভীষণভাবে বিপজ্জনক।

(১) প্রভু যীশু খ্রীষ্টের প্রত্যেক বিশ্বাসীর উচিৎ ঈশ্বরের সাহায্যে একটি উত্তম মণ্ডলী এবং পালককে খুঁজে বের করা

(২) তাদের উচিৎ ঐ পালকের সঙ্গে এবং চার্চের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত হওয়া এবং চার্চের সমস্ত কার্যকলাপের সঙ্গে অব্যর্থভাবে যুক্ত থাকা।

(৩) তাদের উচিৎ সমস্ত বিষয়ে পালকের বাধ্য হওয়া এবং চার্চের মধ্যে মনেপ্রাণে পালকের সঙ্গে সহযোগিতা করা এবং প্রভু যেভাবে চালাবেন সেইভাবে প্রভুর সেবা করা।

**"এসো, আমরা সভায় একত্রিত হওয়ার অভ্যাস পরিত্যাগ না করি, কেউ কেউ যেমন এতে অভ্যস্ত হয়ে উঠেছে। বরং এসো পরস্পরকে উৎসাহিত করি, বিশেষত আরও বেশি তৎপর হয়ে করি, কারণ তোমরা দেখতেই পাচ্ছ প্রভুর আগমনের সেদিন আগতপ্রায়"** (ইব্রীয় ১০:২৫)। **"যাদের সদাপ্রভুর গৃহে লাগানো হয়েছে, তারা আমাদের ঈশ্বরের প্রাঙ্গণে সমৃদ্ধ হয়ে উঠবে"** (গীত ৯২:১৩)।

## ৩। উচ্চাকাঙ্খী ব্যক্তিরা ঈশ্বরের উদ্দেশ্য সম্পূর্ণ করেন

প্রভু যীশু খ্রীষ্ট যখন এই পৃথিবীতে বাস করেছিলেন তখন তাঁর একটি উদ্দেশ্য ছিল। অনেকে বিভিন্ন প্রত্যাশা নিয়ে তাঁকে অনুসরণ করেছিল। তাঁর সম্পাদন করার জন্য অনেক কর্তব্য ছিল এবং অনেক বড় বড় প্রত্যাশা ছিল। তথাপি, তিনি তাঁর উদ্দেশ্য সম্পূর্ণ করার বিষয়ে অত্যন্ত যত্নশীল ছিলেন যার জন্য সদাপ্রভু তাঁকে এই জগতে প্রেরণ করেছিলেন: **"যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর ইচ্ছা পালন করা ও তাঁর কর্ম শেষ করাই আমার খাবার"** ( যোহন ৪:৩৪)।

এই পৃথিবীতে তাঁর উদ্দেশ্য সম্পূর্ণ করার জন্য যীশুকে অনেক বাধা এবং বিরোধীতার সম্মুখীন হতে হয়েছিল। তাঁর সময়ের লোকেরা তাঁকে বিশ্বাস করেনি (মথি ১৩:৫৮)। তিনি মশীহরূপে গৃহীত হননি (যোহন ১:১১)। তারা তাঁর বিরোধীতা করেছিল (মথি ৮:৩৪)। তারা তাঁকে ছুতোরের পুত্র বলে ঠাট্টা করেছিল (মথি ১৩:৫৫)। তারা যখন তাঁকে অবাঞ্ছিত প্রশ্ন জিজ্ঞাসা করেছিল তখন তিনি আঘাত পেয়েছিলেন ( যোহন ৮:৬)। তাঁকে চাবুক মারা হয়েছিল (মথি ২৭:২৬)। তারা তাঁর মুখে থুতু দিয়েছিল (মার্ক ১৫: ১৯)। তাঁকে ক্রুশের উপর পেরেকবিদ্ধ করা হয়েছিল এবং তারা তাঁকে হত্যা করেছিল (মার্ক ১৫:২৪)।

এই সমস্ত তিক্ত অভিজ্ঞতাগুলির মধ্যেও তিনি যে কারণে এই পৃথিবীতে এসেছিলেন সেই উদ্দেশ্য থেকে সরে যাননি। তাঁর একমাত্র উচ্চাকাঙ্খা ছিল তাঁর পিতার উদ্দেশ্য সম্পূর্ণ করা।

প্রিয় ঈশ্বরের সন্তানগণ, আপনার জীবনের উচ্চাকাঙ্খা কী? আপনাকে অবশ্যই এই চলার পথে কেবল প্রভুকে সন্তুষ্ট করার বিষয় স্থির করতে হবে । ঈশ্বরের পরিকল্পনা সম্পূর্ণ করার বিষয়ে আপনার উচ্চাকাঙ্খা যদি শক্তিশালী হয়, তাহলে তিনি অবশ্যই আপনাকে আশীর্বাদ করবেন।

## ৪। উচ্চাকাঙ্খী লোকেরা তাদের কাজ শেষ করে!

"তোমার প্রদত্ত কর্ম সম্পাদন করে, আমি পৃথিবীতে তোমাকে মহিমান্বিত করেছি" ( যোহন ১৭:৪)। যীশু খ্রীষ্ট যখন এইভবে প্রার্থনা করেছিলেন, তখন আমরা বুঝতে পারি যে ঈশ্বর আমাদের যে কাজ করার দায়িত্ব দিয়েছেন তা আমাদের অবশ্যই সম্পাদন করতে হবে। প্রেরিত পৌল বলেছেন, "আর এখন পবিত্র আত্মার দ্বারা বাধ্য হয়ে আমি জেরুশালেমে যাচ্ছি, জানি না,


নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন
চীপক এবং সন্তোষপুরম
মাধ্যম: তামিল
Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং ব্ররিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত
ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর
ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর
শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!
যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

সেখানে আমার প্রতি কী ঘটবে। আমি শুধু জানি যে, পবিত্র আত্মা আমাকে সচেতন করছেন, প্রতিটি নগরে আমাকে বন্দিত্ব ক্লেশের সম্মুখীন হতে হবে। কিন্তু, আমি আমার প্রাণকেও নিজের কাছে মূল্যবান বিবেচনা করি না, শুধু চাই, আমি যেন সেই দৌড় সমাপ্ত করতে পারি এবং প্রভু যীশু যে কর্মভার আমাকে দিয়েছেন, তা সম্পূর্ণ করতে পারি — সেই কর্মটি হল, ঈশ্বরের অনুগ্রহের সুসমাচার সম্পর্কে সাক্ষ্য দেওয়া" ( প্রেরিত ২০: ২২-২৪)।

প্রেরিত পৌল বলছেন, তিনি প্রভু যীশু খ্রীষ্টের কাছ থেকে যে পরিচর্যা কাজের ভার লাভ করেছেন তা তিনি সম্পূর্ণ করতে চান। এটি লক্ষ্য করা অত্যন্ত আগ্রহের বিষয় যে তিনি তাঁর পরিচর্যা কাজ সম্পূর্ণ করতে চান যা প্রভু যীশু আগে করেছিলেন।

সেই একই পরিচর্যা কাজ আমাদের উপরেও অর্পণ করা হয়েছে। ঈশ্বর কখনও কাউকে বিনা উদ্দেশ্যে আহ্বান করেন না। ঈশ্বর যখন একজন ব্যক্তিকে অন্ধকার থেকে উদ্ধার করেন এবং তাকে তাঁর নিজের সন্তানে পরিবর্তিত করেন, তখন তিনি তাকে সম্পূর্ণ করার জন্য একটি নির্দিষ্ট কাজ এবং দায়িত্ব দেন। একজনকে তার উদ্দেশ্যের জন্য শেষ পর্যন্ত থাকা উচিৎ এবং ঈশ্বর তাকে যে কাজ দিয়েছেন তা সম্পূর্ণ করা উচিৎ। আজকের দিনগুলিতে অনেকে বড় বড় পরিকল্পনা নিয়ে শুরু করেন এবং সেই পরিকল্পনাগুলি অনুসারে কাজ করতে শুরু করেন। কিন্তু যখন তারা বিভিন্ন বাধার সম্মুখীন হন, তারা তাদের উদ্দেশ্য এবং উচ্চাকাঙ্খা পরিত্যাগ করেন। গড়িমসি করতে শুরু করেন অথবা অন্য কোনও দিকে ঘুরে যান। অবশেষে তারা মহা ব্যর্থতা লাভ করেন। আপনার যদি একটি দর্শন থাকে, তাহলে আপনাকে অবশ্যই সেই দর্শনে লেগে থাকতে হবে, যা আপনার নিজের জীবনের থেকেও বড় হওয়া উচিৎ।

আজ আমি যখন এই বাণী প্রচার করছি, যারা আমাকে দেখছেন, তারা মনে করতে পারেন, "এখন ব্রাদার স্যামের সমস্যাটি কী?" কিন্তু তারা জানতে পারে না যে আমাকে আমার দর্শন এবং উচ্চাকাঙ্খা সম্পূর্ণ করার জন্য বিগত ৫৪ বছর যাবৎ কী মূল্য এবং বিনিয়োগ করতে হয়েছে। শারীরিক দুর্বলতা এবং আর্থিক বিভিন্ন সমস্যার কারণে আমাকে অসংখ্যবার বিভিন্ন সংকটের মধ্যে দিয়ে যেতে হয়েছে। অনেক সময় আমার নিজের আত্মীয়রা এবং

*(ক্রমশঃ ৯ পৃষ্ঠায় )*

## জরুরী সংবাদ

### আপনার সেল ফোনের বার্তাগুলি

**আমরা আমাদের বন্ধুদের থেকে প্রতিদিন প্রচুর সংখ্যক ছবি এবং বাইবেলের পদগুলি আমাদের সেল ফোনের মাধ্যমে লাভ করি। সত্য ঘটনা হচ্ছে আমরা প্রতিদিন সেগুলি পাঠ করতে সক্ষম হই না। সেগুলি আমাদের ফোন থেকে ডিলিট করা ছাড়া আমাদের আর উপায় থাকে না। সেই কারণে আমরা ভালোবাসার সঙ্গে এবং অতি বিনয়ের সঙ্গে আপনাদের অনুরোধ করছি বাইবেল পদগুলি, সাধারণ বার্তাগুলি এবং ছবিগুলি আমাদের সেলফোনে পাঠাবেন না। কিন্তু আপনাদের প্রার্থনার অনুরোধগুলি এবং বিশেষ বার্তাগুলি সব সময় আমরা গ্রহণ করবো। আপনাদের উপলব্ধির জন্য আমরা আপনাদের ধন্যবাদ জানাই।**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ।**

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
## PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

# প্রকাশনার বিষয়ে আমার দর্শনের অগ্রগতি
## PROGRESS OF MY VISION IN PUBLICATIONS!




ডঃ. এম. জীবনানন্দম



রেভাঃ. এস. দেবাদানল

আমার বিদ্যালয়ের জীবন থেকেই আমি বই পড়ার বিষয়ে অত্যন্ত আগ্রহী ছিলাম। ডঃ. জীবনানন্দম কতৃক প্রকাশিত "ম্যাগিঝচি" এবং রেভারেণ্ড এস.



Registered with the Registrar of News Paper
For India under R.N.I. 11967/'67


வருட சந்தா ரூ.1/-

வருகையின் தூதன்

Those who turn the world upside down. Acts.17:6.

Vol. 68 — கர்த்தாவே, நியாயத்தை கேட்டருளும், என் கூப்பிடுதலைக் கவனியும், சங்.17:1 — செப்டம்பர் 2022 No.9

ইত্যাদি বিখ্যাত খ্রীষ্টান "হেরাল্ড অফ হিজ কামিং", দেবাদাসন কর্তৃক প্রকাশিত পত্রিকাগুলি আমার কাছে অনেক বড় উৎসাহ এবং চালিকা শক্তি ছিল। স্বর্গ ও পৃথিবী সম্পর্কে প্রভুর কাছ থেকে আমি যে আশীর্বাদগুলি পেয়েছিলাম তা মুদ্রিত পৃষ্ঠার মাধ্যমে প্রচারের আলোকে আনার বিষয়ে আমার মধ্যে গভীর ইচ্ছা ছিল। কিন্তু এর জন্য লেখালেখির যাবতীয় সরঞ্জাম কেনার মতো অর্থ আমার কাছে ছিল না।



সেই কারণে আমি আমার সমস্ত অনুপ্রেরণাগুলি এবং প্রত্যাদেশগুলি টুকরো কাগজে নিয়মিত টুকে রাখতাম;এবং সেই কাগজগুলির উপর হাত রেখে প্রার্থনা করতে শুরু করেছিলাম এবং এই বিষয়ে কীভাবে আমি এগিয়ে যেতে পারি সেই বিষয়ে আমাকে পথ দেখানোর জন্য ঈশ্বরের কাছে যাচ্ঞা করতাম। আমি খুব উদ্বিগ্ন হয়েছিলাম কারণ এই কাগজের টুকরোগুলো আমার ঘরময় ছড়িয়ে থাকতো। সুতরাং আমার হাত খরচের টাকা দিয়ে কাপড় এবং অন্যান্য জিনিস না কিনে আমি পত্রিকার অনেক প্রতিলিপি তৈরী করার জন্য কাগজ, কলম এবং কালি কিনতে শুরু করেছিলাম। তারপর আমি প্রভুর কাছ থেকে যে বাণীগুলি পেতাম সেগুলি লিখতে এবং অন্যদের কাছে বিতরণ করতে শুরু করেছিলাম। যখনই আমি ঈশ্বর কর্তৃক আমার কাছে প্রকাশিত এই বাণীগুলি হাতে লিখে আমার বন্ধুদের কাছে এবং পরিচিত লোকদের কাছে বণ্টন করতাম, তখনই আমি খুব ভালো সাড়া পেতাম। কয়েক মাসের মধ্যেই, আমি টাইপ মেসিনে এবং সাইক্লোস্টাইল মেসিনে ঈশ্বরের বাণীগুলি লিখে আমার মাথায় এবং ঘাড়ে করে নিয়ে এসে বণ্টন করতাম। আরও কিছু সময় পরে, আমি কাগজে মুদ্রিত করে এই বাণীগুলি আরও অধিক সংখ্যায় বণ্টন করতে শুরু করেছিলাম যার জন্য আমাকে মূল্য পরিশোধ করতে হতো। এইভাবে আমার মুদ্রণ পরিচর্যা কাজ শুরু হয়েছিল। আমার অখ্রীষ্টিয়ান বন্ধু, মিস্টার এম.মুনুসামি আমাকে মুদ্রণ পরিচর্যা কাজে অনেক সাহায্য করেছিল। ঐ দিনগুলিতে ভাঁজ করার এবং বাঁধাই করার কাজ আমি নিজে করতাম।



*Mr. M. Munusami*

প্রথমে আমি তামিল এবং ইংরাজী, এই দুটি ভাষায় এক সঙ্গে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** মাসিক সংবাদ পত্রিকাটি প্রকাশ করতে শুরু করেছিলাম। তারপর তামিল এবং ইংরাজী ভাষায় পাক্ষিক সংবাদ পত্রিকা প্রকাশ করতে শুরু করেছিলাম। তারপর এটি তামিল এবং ইংরাজী, দুটি পৃথক ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা হিসাবে নথিভুক্ত করা হয়েছিল। এখন তামিল, ইংরাজী, সিংহলা, মালয়ালাম, আফ্রিকান, তেলুগু, হিন্দি কানাড়া, মারাঠী, অসমিয়া, বাংলা, উর্দু, নেপালী, গুজরাটী, উড়িয়া, এবং পাঞ্জাবী ভাষায় তাঁর আহ্বানের প্রতিধ্বনি




*Echo of His Call Magazines in 16 languages*



কন্যা অ্যাঞ্জেলীনের সঙ্গে পাস্টর স্যাম

মাসিক সংবাদপত্রগুলি প্রকাশিত হচ্ছে। তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিশ্বের একমাত্র নথিভুক্ত খ্রীষ্টান পত্রিকা যা ১৬টি ভাষায় প্রকাশিত হয়। এই পত্রিকাগুলি প্রত্যেকটি একক পত্রিকা হিসাবে ভারত সরকারের কাছে নথিভুক্ত। আমাকে আমার বাইসাইকেলে করে এগুলি বহন করে বিভিন্ন জায়গায় নিয়ে যেতে হতো। তারপর আমার কন্যা অ্যাঞ্জেলীন সেলভা কুমারীকে সঙ্গে নিয়ে দূর দূরান্তে এগুলি পৌঁছে দেবার জন্য ঈশ্বর আমাকে একটি মোটর সাইকেল দিয়েছিলেন। এছাড়াও আমি সিন্ধি, কঙ্কোনী, এবং মনিপুরী ভাষাতেও পত্রিকাটি প্রকাশ করার জন্য সমস্ত ব্যবস্থাপনা সম্পূর্ণ করেছি, কিন্তু উপযুক্ত কর্মীদের না পাওয়ার জন্য এখনও আমার পরিকল্পনাকে বাস্তবে রূপদান করতে আমি সক্ষম হইনি।

আমি যখন তামিল এবং ইংরাজী ভাষার মাসিক পত্রিকাগুলি জন্য প্রবন্ধটি লিখছি, ঈশ্বর আমাকে আমার সহযোগী সহ সম্পাদকদের, অনুবাদকদের এবং কর্মী সদস্যদের অক্লান্ত পরিশ্রমের দ্বারা সাহায্য করছেন যাতে আমাদের মাসিক পত্রিকাটি কোনও বাধা ছাড়াই প্রকাশিত হতে পারে:

সিস্টার সেরেনা বেভিন, রেভা. ডঃ.কে.আর. রাজাশেকারান,ডঃ. এ.রীচার্ড শমূয়েল, রেভা. স্টিফেন যোযেফ, ব্রাদার জয়ারত্ন দে সৌসা, সিস্টার মঞ্জুলা উইরাবাহু, সিস্টার রেণুকা রাজাপাকশা, ইভান. বেঞ্জামীন মোজেস, ব্রাদার মোহনকুমার, ডঃ.মেরিয়েৎজী নেলসন, ব্রাদার এন. মোহনবাবু, সিস্টার ডরোথী এস. থোমাস, রেভাঃ. আর. রামাকৃষ্ণ, রেভাঃ. শশী তেওয়ারী, পাস্টর যোশুয়া রাজ, সিস্টার বর্ণালী থাপা রাজ, রেভাঃ. ডঃ. অঞ্জন কুমার সিং, ব্রাদার ইন্দ্রজিৎ রায়, পাস্টর শিবিন্দার কুমার, ব্রাদার ভুবন দেবকোটা, ব্রাদার রাজকুমার ভাণ্ডারী, ব্রাদার পঙ্কজ সি. ওয়াড়িয়া, সিস্টার সুরমা শমূয়েল, ব্রাদার আশীষ রমেশ ভাণ্ডারী, ব্রাদার এন. প্রকাশম, সিস্টার গীতা গুরুস্বামী, সিস্টার ই. ডেইজী রাণী, সিস্টার এস.থিরুমাগাল, ব্রাদার জন রডরিগস্, ব্রাদার সি.অ্যানথনী রাজ, ব্রাদার সি.জে. যোযেফ, সিস্টার ই. বিশালাৎচি, ব্রাদার এম. মানি, ব্রাদার কে. ইন্দ্রিশকুমার, ব্রাদার এল. মোহান, ব্রাদার আর.ইম্মানুয়েল পল, এবং ব্রাদার আর বিজয়। এটি আমার চোখে অবিশ্বাস্য। **"সদাপ্রভু ইহা করেছেন, আর তা আমাদের দৃষ্টিতে অবিশ্বাস্য"** (গীত ১১৮:২৩)।

**"তিনি ধুলো থেকে দরিদ্রকে উত্তোলন করেন, আর ভস্মস্তূপের মধ্য থেকে অভাবীকে তোলেন"** (১ শমূয়েল ২:৮)।

***********

*(ক্রমশঃ, ৭ পাতার পর)*

আমার বিশ্বস্ত বন্ধুরা আমার জীবনে অনেক সমস্যা সৃষ্টি করেছিল। এখনও কিছু শক্তি আছে যা আমাকে প্রতিদিন নিরুৎসাহিত করে এবং ঈশ্বর আমাকে যে দর্শন দিয়েছেন তা সম্পূর্ণ করা থেকে আমাকে থামানোর চেষ্টা করে এবং আমার জীবনের উচ্চাকাঙ্খাপূর্ণ যাত্রায় বাধার সৃষ্টি করে। কিন্তু আমি আমার বিশ্বাসে বলবান থাকি যে খ্রীষ্ট যীশুতে আমি সব কিছু করতে পারি যিনি আমাকে শক্তি দেন (ফিলিপীয় ৪:১৩)। আমি যাকে বিশ্বাস করি তাকে আমি জানি (২ তিমথীয় ১:১২)। ইয়োবের সঙ্গে আমিও স্বীকার করি, "তিনি যদি আমাকে হত্যা করেন, তবুও আমি তাঁর উপরে আশা রাখব" (ইয়োব ১৩:১৫)। এই বিশ্বাসগুলিতে আমি শক্তিশালী। প্রিয় পাঠক, আপনি কি প্রভুর সেবা করার উচ্চাকাঙ্খা যুক্ত একজন ব্যক্তিতে পরিণত হতে পারেন?

জিরুশালেমে তাঁর জন্য যে শৃঙ্খল এবং মহাতাড়না অপেক্ষা করছে তা জানা সত্ত্বেও, সাধু পৌল প্রভুর কাছ থেকে পাওয়ার তাঁর আহ্বান থেকে সরে যাননি। তিনি তীমথিয়কে লিখেছিলেন, "আমি উত্তম সমরে সংগ্রাম করেছি। আমার দৌড় সমাপ্ত হয়েছে। আমি বিশ্বাস রক্ষা করেছি" (২ তীমথিয় ৪:৭)। প্রতিযোগিতায় দৌড়ানোর জন্য, আমরা যাতে ঈশ্বর কর্তৃক প্রদত্ত আমাদের প্রতিভা এবং দানগুলি ব্যবহার করতে পারি তার জন্য সামনে এগিয়ে আসার বিষয়ে ঈশ্বর পূর্বেই নির্ধারিত করে দিয়েছেন। একজন উচ্চাকাঙ্খি ব্যক্তি হিসাবে নিজেকে অঙ্গীকারবদ্ধ করার জন্য কে বলতে পারে, "আমার জন্য নির্ধারিত দৌড় প্রতিযোগিতা আমি আনন্দের সঙ্গে সম্পূর্ণ করেছি।"

## ৫। উচ্চাকাঙ্খী লোকেরা যাদের লক্ষ্য হচ্ছে স্বর্গ।

ফিলিপীয় ৩ অধ্যায় ১৩-১৪ পদে, সাধু পৌল বলেছেন, "ভাইবোনেরা, আমি নিজে যে ধরে ফেলেছি, এমন কথা বলতে পারিনা, কিন্তু একটি কাজ আমি করি: পেছনের সমস্ত কিছু ভুলে গিয়ে সামনে যা আছে, তারই দিকে আমি প্রাণপণ প্রয়াসে, লক্ষ্যের অভিমুখে দৌড়াই, যেন ঈশ্বর খ্রীষ্ট যীশুতে স্বর্গীয় যে আহ্বান দিয়েছেন, সেই পুরস্কার লাভ করতে পারি।" ঈশ্বর প্রত্যাশা করেন আমাদের প্রত্যেকের যেন একটি আত্মিক লক্ষ্য থাকে। যারা এই লক্ষ্যে পৌছাতে পারে তাদের জন্য ঈশ্বরের কাছে একটি পুরস্কার আছে।

আমাদের লক্ষ্য কী? এটি স্বর্গ ছাড়া আর অন্য কিছু হওয়া উচিৎ নয়। আমরা যখন আমাদের প্রত্যেকটি বিষয়কে এই লক্ষ্যের উদ্দেশে নিয়োজিত করি, ঈশ্বর আমাদের আশীর্বাদ করেন। আমরা জাগতিক বিষয়ে আমাদের লক্ষ্য স্থির করি, তাহলে আমরা নিশ্চিতভাবে ব্যর্থ হবো। সমস্ত জাগতিক অভিলাষ এবং মঙ্গলভাবকে আমাদের পশ্চাতে রেখে এবং ক্রুশকে আমাদের সামনে রেখে আমাদের অবশ্যই স্বর্গের দিকে অগ্রসর হতে হবে যা আমাদের লক্ষ্য। যারা প্রভু যীশুকে জানে না তাদের সাহায্য করার বিষয়েও আমাদের হৃদয়ে ইচ্ছা থাকতে হবে, যাতে তারাও পরিত্রাণ লাভ করতে পারে।

আমাদের লক্ষ্য যেন স্বর্গ হয় এবং এই লক্ষ্য সম্পাদন করার জন্য আমরা যেন উচ্চাকাঙ্খি ব্যক্তিতে পরিণত হই।

***********

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ ।

– সম্পাদক

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | S. Sam Selva Raj |
| A/C No. | : | 1023 2934 679 |
| IFSC | : | SBIN 00 00 249 |
| SWIFT CODE | : | SBI NIN BB 455 |

### 2. Bank : ICICI Bank

| | | |
|---|---|---|
| Branch | : | Anna Salai, Chennai-6 |
| Name | : | Echo of His Call |
| A/C No. | : | 6038 0502 2319 |
| IFSC | : | ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | Echo of His Call Educational Trust |
| A/C No. | : | 1023 2923 805 |
| IFSC | : | SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা     **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th OCTOBER 2022
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**